



## সাধারণ বীমা কর্পোরেশন

SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা।

www.sbc.gov.bd

সূত্র নং-সাবীক/মাঃসঃ/প্রঃকাঃ/বিজ্ঞপ্তি/২০২১/১০৮৪

তারিখঃ ১৪ জুন, ২০২১

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ সাধারণ বীমা কর্পোরেশনের ডেপুটি জেনারেল ম্যানেজার (হিসাব) এবং সহকারী জেনারেল ম্যানেজার (হিসাব) পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে গত ১২-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচী।

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন-এর ডেপুটি জেনারেল ম্যানেজার (হিসাব) এবং সহকারী জেনারেল ম্যানেজার (হিসাব) পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে গত ১২-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা আগামী ১৬-০৬-২০২১ তারিখে সাধারণ বীমা কর্পোরেশন, বোর্ড কক্ষ, প্রধান কার্যালয় (১০ম তলা), ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবে। উত্তীর্ণ প্রার্থীদের তালিকাসহ বিস্তারিত সময়সূচী নিম্নে উল্লেখ করা হলোঃ-

## পদবী : সহকারী জেনারেল ম্যানেজার (হিসাব)

ক্রঃ নং	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর
১.	১৬-০৬-২০২১ খ্রিঃ রোজ বুধবার সময় : সকাল ১০:০০ ঘটিকা	30002, 30006, 30009, 30011, 30027 = 5 জন

## পদবী : ডেপুটি জেনারেল ম্যানেজার (হিসাব)

ক্রঃ নং	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর
১.	১৬-০৬-২০২১ খ্রিঃ রোজ বুধবার সময় : সকাল ১১:০০ ঘটিকা	20002, 20005, 20006, 20015, 20016, 20021 = 6 জন

## সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র/দলিলাদিঃ

ক্রঃ নং	যে সকল কাগজপত্র/দলিলাদি জমা প্রদান করতে হবে	যে সকল কাগজপত্র/দলিলাদির মূল কপি প্রদর্শন করতে হবে
১.	-	লিখিত পরীক্ষার প্রবেশপত্র
২.	শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত কপি	শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসমূহ
৩.	স্থায়ী ঠিকানার সমর্থনে জাতীয়তা / নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি	স্থায়ী ঠিকানার সমর্থনে জাতীয়তা / নাগরিকত্ব সনদের মূল কপি
৪.	জাতীয় পরিচয়পত্র / জন্ম সনদের সত্যায়িত কপি	জাতীয় পরিচয়পত্র / জন্ম সনদের মূল কপি
৫.	চাকুরীরত প্রার্থীদের মূল অনাপত্তিপত্র	
৬.	অভিজ্ঞতার সনদপত্র	
৭.	অন্যান্য (যদি থাকে)	

## প্রার্থীদের জন্য নির্দেশাবলীঃ

- সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে নির্ধারিত তারিখে উপস্থিত থাকতে হবে।
- সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১ ঘণ্টা পূর্বে প্রার্থীদেরকে তাদের সংশ্লিষ্ট কাগজপত্র/দলিলাদিসহ চেকিং বোর্ডের নিকট রিপোর্ট করতে হবে।
- বর্ণিত সকল কাগজপত্র/দলিলাদির ০১ সেট সত্যায়িত ফটোকপি সাক্ষাৎকার গ্রহণের পূর্বেই চেকিং বোর্ডের নিকট দাখিল করতে হবে।
- সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নতুন করে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ বা খরচ প্রদান করা হবে না।
- নির্ধারিত কাগজপত্র বা দলিলাদি ব্যতীত সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত বা নিয়োগ সংশ্লিষ্ট প্রয়োজনীয় যে কোন শর্তে গুরুতর ঘাটতি পাওয়া গেলে, কোন অসত্য তথ্য প্রদান করলে, কোন জাল সনদ দাখিল করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর ত্রুটি বা ঘাটতি পরিলক্ষিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।
- পরীক্ষার্থীর স্বাক্ষর আবেদনপত্র ও হাজিরা শীটের সাথে মিলিয়ে দেখা হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নিয়োগ ও কোটা সংক্রান্ত সর্বশেষ নীতিমালা বা সিদ্ধান্ত অনুসরণ করা হবে।
- প্রকাশিত ফলাফলে বা সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার সময়সূচীতে কোন প্রকার সংশোধন প্রয়োজন হলে কর্তৃপক্ষ তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে। এছাড়া কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ সংক্রান্ত যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ আবদুল বারেক)

ডেপুটি জেনারেল ম্যানেজার

মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা